

আইসিটি সহায়ক অ্যাক্সেস টু ইনফরমেশন উদ্ভাবন

দক্ষিণ এশিয়ার প্রেক্ষাপটের
একটি সংক্ষিপ্ত বিবরণী

ডাক্তার ভট্টাচার্য/শর্মিষ্ঠা আচার্য

জননিরাপত্তা উন্নয়নে তথ্যপ্রযুক্তির উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করে আইসিটির গুরুত্ব অনেক। জনসম্পদ ব্যবস্থাপনা ও অধিক দায়িত্বশীল সরকার ব্যবস্থা চালু এর প্রকৃষ্ট উদাহরণ। এসব নতুন প্রযুক্তির সুফল পাওয়ার জন্য বিভিন্ন দেশের সরকার বিভিন্ন পন্থা অবলম্বন করছে। যেমন- শাসন ব্যবস্থায় স্বচ্ছতা আসায়, সিদ্ধান্ত নেয়ায় নাগরিক অংশগ্রহণ নিশ্চিত করা, জনসেবা দান-পদ্ধতির উন্নয়ন প্রকারান্তরে সার্বিক গণতান্ত্রিক ব্যবস্থার উন্নয়ন।

জনসেবা জোগানো ও গণতন্ত্র চর্চা উন্নয়নে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা বাড়াণের জন্য তথ্য পাওয়ার অধিকার অপরিহার্য। আর এই লক্ষ্যে One World Foundation India (OWFI) ও World Bank Institute (WBI) যৌথভাবে এটুআই'র আইসিটি সহায়ক উদ্ভাবনাঙ্গলের ওপর একটি সমীক্ষা চালিয়েছে।

উদ্ভাবনগুলো

নেতৃত্ব কোটি মানুষের এই দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশিরভাগ অধিবাসী নিরক্ষর, অতিদরিদ্র ও প্রযুক্তির দ্বোয়া থেকে বঞ্চিত। জীবনধারণের জন্য প্রয়োজনীয় তথ্যও তাদের হাতে নেই। তথ্যের সাথে জনসাধারণের এই দূরত্ব মোচনে ভারত সরকারের নেয়া 'রাইট টু ইনফরমেশন অ্যাক্ট' জুমিকা অপরিহার্য। এর মাধ্যমে তথ্য পাওয়ার অধিকার সুনিশ্চিত করা হয়েছে। এই অ্যাক্টের অন্তর্ভুক্ত আইসিটি সহায়ক উদ্ভাবনাঙ্গলের ওপর পরিচালিত এই সমীক্ষায় ভারত থেকে পাঁচটি ও বাংলাদেশ থেকে দুটি এই মোট সাতটি উদ্ভাবন নিয়ে আলোচনা করা হয়েছে।

জনকরি

ভারতবর্ষের বিহার রাজ্যে প্রাথমিকভাবে পরিচালিত Jaankari initiative এক প্রকারের অনলাইন তথ্যভাণ্ডার। রাইট টু ইনফরমেশন অ্যাক্টের আওতায় অনুমত ও অনগ্রসর জনপদ Jaankari initiative-এর মাধ্যমে সরকারি

হতে হবে।

<http://biharonline.gov.in/RTI>

আইসিটি ইকোসিস্টেম

রাজস্থান রাজ্যে পরিচালিত এই প্রকল্পের মূল লক্ষ্য কর্মসংস্থানের নিশ্চয়তা দান। এর চারটি মূল উপাদান হলো Soodhona Seba Kendro (info kiosk)। এটি বহনযোগ্য ও বায়োমেট্রিকভাবে সক্রিয় ও জিপিএসের মাধ্যমে নিয়ন্ত্রিত আন্টিনজেনেল ট্র্যাকিং টুল আপি-কেশন; কমিউনিটি রেডিও ও এসএমএস জব কার্ড। এটি একটি সহজে ও স্বল্প খরচে ব্যবহারযোগ্য এয়োকপোর্টাল। এর ব্যবহার চাকরি দেয়ার ক্ষেত্রে খচিত দুর্নীতি অনেকাংশে কমিয়েছে। জনসাধারণ এই প্রযুক্তি সম্পর্কে এয়াকিবহাল, তবে এর ব্যবহার সম্পর্কে নয়। সুতরাং জনসচেতনতা আবশ্যিক।

ডেইজি ফর অল

ডেইজি তথ্য ডিজিটাল অ্যাক্সেসিবল ইনফরমেশন সিস্টেম কমপিউটারভিত্তিক বহুমাত্রিক মাধ্যমের জন্য একটি উন্মুক্ত আন্তর্জাতিক মানদণ্ড। দৃষ্টিপ্রতিবন্ধী, ডাইলেট্রিক ও মুদ্রণ প্রতিবন্ধীদের সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠানগুলোর সমন্বয়ে গঠিত ডেইজি কনসোর্টিয়াম সারা দুনিয়ায় তথ্য ও জ্ঞান দেয়া-নেয়ায় প্রতিবন্ধী এবং সাধারণ মানুষের জন্য ব্যবহারযোগ্য বিভিন্ন মাধ্যমের আদর্শ মাল নির্ধারণ করে থাকে।

দুনিয়াজুড়ে তথ্য ও জ্ঞান বিনিময়ে প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী ব্যক্তিনির্বিশেষে সবার জন্যই ডেইজি মাস্টিমিডিয়া বা কমপিউটারভিত্তিক বহুমাত্রিক মাধ্যম আদর্শ। ডেইজি উন্নয়নশীল ও উন্নত বিশ্বের মধ্যে ডিজিটাল তথ্য বিনিময়ের সেতুবন্ধন স্থাপন করে। ডেইজি মুদ্রণ প্রতিবন্ধীসহ ভাষাগত সংব্যালম্ব জনগোষ্ঠী ও যেসব জনগোষ্ঠীর নিজস্ব লিপি নেই, সেসব শিক্ষার সুযোগ-বঞ্চিত মানুষের জন্য কার্যকর এক প্রযুক্তি। মানবিক কল্পনার অনেক কিছুই বাস্তবে সত্যি করে তুলেছে এই ডেইজি। তবে

সরকারি সহায়তার অভাবে ডেইজি কার্যক্রম ক্রমাগত ব্যাহত হচ্ছে।

www.daisy.orgwww.ypsa.org

সিটিজেন'স ভয়েস

জনসেবা জোগানোর পদ্ধতি ও সেবাদানের সাথে সম্পৃক্ত বিষয়গুলোর প্রতি অনলাইনে পাওয়া জনপ্রতিক্রিয়া এই ওয়েবপোর্টালে সংগ্রহ করা হয়। এসব তথ্যের ওপর ভিত্তি করে মাস্টিমিডিয়া প্রতিবেদন প্রস্তুত করা হয়। বাংলাদেশে এই প্রথম এ ধরনের উদ্যোগ নেয়া হয়েছে। বিভিন্ন ধরনের প্রযুক্তির সমন্বয়ে গঠিত এই ওয়েবপোর্টালটি হাইব্রিড মডেল রূপে পরিচিত। কিন্তু অসচেতনতা ও যথার্থ প্রতিক্রিয়ার অভাবে এর ব্যবহার দিন দিন কমছে। এছাড়া অভিযোগের যথার্থতা যাচাইয়ের কোনো কার্যকর উপায় নেই।

www.nagorikkontho.org/portal

এসএমএস-ভিত্তিক মনিটরিং সিস্টেম

বিহার রাজ্যে পরিচালিত আইসিটি সহায়ক উদ্ভাবনাঙ্গলের মধ্যে এসএমএসভিত্তিক মনিটরিং সিস্টেম অন্যতম। উচ্চপর্যায়ে নেয়া বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতির নতুন- যেমন দৈনিক খরচ, সেবা গ্রহীতার সংখ্যা ও অন্যান্য বিষয় এসএমএসের সাহায্যে দৈনিক নজরদারির মধ্য দিয়ে পর্যবেক্ষণ করা হয়। এটি একটি সহজবোধ্য ও অর্থসঞ্চারী প্রযুক্তি। তবে প্রশাসনের গাফিলতির কারণে এর ব্যবহার গ্রহণযোগ্যতা হারাচ্ছে। প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা নেয়া হয় না।

আই পেইড অ্যা ব্রাইব

জনসেবা দেয়ার ক্ষেত্রে ঘুষ দেয়া-নেয়ার প্রকৃত চিত্র উদঘাটনের লক্ষ্যে এই ওয়েবপোর্টালটি গড়ে তোলা হয়েছে। জনগণের দায়ের করা দুর্নীতির অভিযোগ এখানে সংরক্ষণ করা হয়। ঘুষের মোট পরিমাণ সম্পর্কিত একটি লিখিত ডকুমেন্ট রাখা হয় এবং এটি ব্যবহার করে বর্তমানের ঘুষ প্রথার একটি বস্তুচিত্র তুলে ধরা হয়। ভারতের মতো একটি দেশে যেখানে ঘুষ দেয়া-নেয়া খুব সাধারণ একটি ব্যাপার- এই সংগৃহীত তথ্য সেসব প্রতিষ্ঠানকে চিহ্নিত করতে পারছে যেগুলো পুরোপুরি দুর্নীতিতে নিমজ্জিত। এর মাধ্যমে সরকার ও জনগণের দুর্নীতিবিরোধী বিভিন্ন কর্মকাণ্ড তুলে ধরার মধ্য দিয়ে জনসাধারণকে সচেতন করে তোলা হচ্ছে।

<http://ipaidabribe.com>

শেষ কথা

তথ্য ও জ্ঞানের ওপর দখল থাকার জীবনধারণের জন্য অবশ্যম্ভাবী হয়ে পড়েছে। সর্বজনের জ্ঞানগণের তথ্য পাওয়ার অধিকার নিশ্চিত করার উদ্দেশ্যে প্রস্তুত করা উপযুক্ত আইসিটি সহায়ক উদ্ভাবনাঙ্গলের কার্যকর ব্যবহার সবার তথ্য পাওয়ার অধিকার রক্ষায় বলিষ্ঠ ভূমিকা রাখবে-এটাই কাম্য।

বিস্তারিত জানতে ভিজিট করুন www.access2info.asia

ফিডব্যাক : vashkar79@hotmail.com